

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
শেরপুর।

সেবা প্রদান প্রতিশ্রুতি

- পরিচিতি : যুব উন্নয়ন অধিদপ্তর,শেরপুরজেলা কার্যালয়টি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন একটি সরকারি প্রতিষ্ঠান যা উপ-পরিচালকের কার্যালয় নামে অভিহিত। কার্যালয়টি ১৯৯৫ সন থেকে সারা দেশের ন্যায় নিম্নবর্ণিত ভিশন নিয়ে কাজ করে যাচ্ছে।
- ১৮-৩৫ বছর বয়সী যুব সমাজকে কল্যানমুখী, সৃজনশীল ও উৎপাদনমুখী শক্তিতে রূপান্তর করা।
 - দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে যুবদের কর্মসংস্থান কিংবা স্ব-কর্মসংস্থানে নিয়োজিত করা।
 - জাতীয় উন্নয়ন কর্মকাণ্ডে বেকার যুবদের-কে সম্পৃক্ত করা।

অধিদপ্তরের ভিশনের আলোকে ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবদের জন্য প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা। এছাড়া ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় সদর উপজেলায় ২৪-৩৫ বৎসর বয়সী বেকার যুবক ও যুব মহিলাদের ০৩ মাস মেয়াদী বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও ২ বছরের জন্য কর্মসংস্থান সৃষ্টি করা হচ্ছে।

(ক) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ :

ক্রমিক নং	সেবা প্রদানের বিষয়	সেবা প্রদানের সময়সীমা	ভর্তি ফি	সেবা গ্রহণকারীর যোগ্যতা
০১.	পোষাক তৈরী	০৩/০৬ মাস	৫০/-	ন্যূনতম অষ্টম শ্রেণী
০২.	মৎস্য চাষ	০১ মাস	৫০/-	ন্যূনতম অষ্টম শ্রেণী
০৩.	কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এপ্লিকেশন কোর্স	০৬ মাস	১০০০/-	ন্যূনতম এইচ.এস.সি
০৪.	ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং	০৬ মাস	৩০০/-	ন্যূনতম অষ্টম শ্রেণী
০৫.	ইলেকট্রনিক্স	০৬ মাস	৩০০/-	ন্যূনতম অষ্টম শ্রেণী
০৬.	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	০৬ মাস	৩০০/-	ন্যূনতম অষ্টম শ্রেণী
০৭.	গবাদীপশু, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ	০২ মাস ১৫ দিন	১০০/-	ন্যূনতম অষ্টম শ্রেণী
০৮.	আউট সোর্সিং/ফ্রি-ল্যান্সিং	০২ মাস	১০০০/-	ন্যূনতম এস,এস,সি পাস
০৯.	বিউটিফিকেশন এন্ড হেয়ারকাটিং	০১ মাস	৫০/-	ন্যূনতম অষ্টম শ্রেণী

(খ) উপজেলা পর্যায়ে ৭, ১৪ ও ২১ দিন ব্যাপী স্থানীয় চাহিদা ভিত্তিক ভ্রাম্যমান প্রশিক্ষণ কর্মসূচি চলমান আছে। এদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে পারিবারিক হাঁসমুরগী পালন, মৎস্য চাষ, গাভী পালন, গরু মোটাজাকরণ, সেলাই, নকশী কাঁথা ও হস্তশিল্প ইত্যাদি।

যুব ঋণ কর্মসূচি :

- ০১। যুব উন্নয়ন অধিদপ্তরের যে কোন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রকল্প গ্রহণকারীদের মধ্যে সহজ শর্তে প্রতিটি উপজেলায় ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।
- ০২। একজন যুবক ও যুব মহিলা প্রশিক্ষণ শেষে প্রকল্প গ্রহণকরতঃ প্রকল্প সম্প্রসারণের লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে ঋণের আবেদন করতে পারবেন।
- ০৩। নীতিমালা মোতাবেক ঋণ গ্রহণকারী ০৩ মাস গ্রেস পিরিয়ড শেষে ২৪ মাসে ঋণ পরিশোধ করতে হয়।
- ০৪। আত্মকর্মসংস্থান কর্মসূচির একজন সফল যুব সর্বোচ্চ ০৩ বার ঋণ গ্রহণে করতে পারে। ঋণ গ্রহণের সময় ব্যক্তিগত গ্যারান্টি, জমির দলিল ও প্রয়োজনীয় কাগজপত্র আবেদন পত্রের সাথে দিতে হয়।
- ০৫। প্রাতিষ্ঠানিক ঋণের সিলিং ১ম দফায় সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, ২য় দফায় সর্বোচ্চ ৭৫,০০০/- (পচাত্তর হাজার) টাকা এবং ৩য় দফায় সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং অপ্রাতিষ্ঠানিক ট্রেডে সর্বনিম্ন ৩০,০০০/- (ত্রিশ হাজার) এবং সর্বোচ্চ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।
- ০৬। পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচির ক্ষেত্রে ঋণের সিলিং ১ম দফায় সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা; ২য় দফায় সর্বোচ্চ ১৫,০০০/- (পনের হাজার) টাকা; ৩য় দফায় সর্বোচ্চ ২০,০০০/- (বিশ হাজার) টাকা।
- ০৭। উপরোল্লিখিত ঋণের উপর সার্ভিস চার্জ ১০% (ক্রমহাসমান)।

(গ) যুবদের জন্য যুব সংগঠন তৈরীতে সহায়তা ও তালিকাভুক্তিকরণ :

সংগঠিত যুবদের ক্লাব ভিত্তিক কর্মকাণ্ডে সহায়তা করা হয়। যদি কোন যুবরা এলাকার উন্নয়ন, আর্থ-সামাজিক উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, আয়-বৃদ্ধিমূলক কর্মসূচি গ্রহণের লক্ষ্যে ক্লাব প্রতিষ্ঠা করে, তবে যুব উন্নয়ন অধিদপ্তর তাদের ক্লাব/সমিতি তালিকাভুক্তি করে থাকে। এছাড়া যুবসংগঠন নিবন্ধনের কার্যক্রম প্রক্রিয়াধীন।

(ঘ) অনুদান ও পুরস্কার প্রদান :

- (১) প্রতি বছর যুব উন্নয়ন অধিদপ্তর এলাকার যুবদের উন্নয়নের লক্ষ্যে যুব সংগঠনকে বার্ষিক অনুদান প্রদান করে থাকে।
- (২) প্রকল্প গ্রহণকারী সফল আত্মকর্মী যুবদের কাজের স্বীকৃতি স্বরূপ প্রতি বছর জাতীয় যুব দিবসে যুব পুরস্কার প্রদান করা হয়।

(ঙ) বিশেষ কর্মসূচি :

যুবদের উদ্বুদ্ধ করা, যুবদের দ্বারা সমাজের বিভিন্ন উন্নয়নমূলক কাজ যেমন- স্যানিটেশন, বৃক্ষরোপন, যৌতুক, ইভটিজিং, বাল্য বিবাহ, নারী নির্যাতন, মাদক দ্রব্যের কুফল, সন্ত্রাস ও জঙ্গিবাদ সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা।

উপরোক্ত সেবাসমূহ পেতে সমস্যা হলে নিম্নোক্ত কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

ক্রমিক নং	কার্যালয়ের নাম	ফোন নম্বর	মন্তব্য
০১	উপ-পরিচালকের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর ভাতশালা, শেরপুর।	০৯৩১-৬১৬১২ ddsherpur@dyd.gov.bd Email : ddyouthsherpur@yahoo.com	
০২	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর শেরপুর সদর, শেরপুর।	০৯৩১-৬১৭৩০ sherpursadar@dyd.gov.bd Email : hamidur 70@gmail.com	
০৩	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর নকলা, শেরপুর।	০৯৩২৩-৭৫০৭৩ nakla@dyd.gov.bd Email : uydonakla@gmail.com	
০৪	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর শ্রীবরদী, শেরপুর।	০৯৩২৫-৫৬০১৩ sreebardi@dyd.gov.bd Email : uydosreebordi@gmail.com	
০৫	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর নালিতাবাড়ী, শেরপুর।	০৯৩২৪-৭৩৩৬৯ nalitabari@dyd.gov.bd Email : dyd.nalitabarisher@gmail.com	
০৬	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর ঝিনাইগাতী, শেরপুর।	০৯৩২২-৭৪১২৯ jhenaigati@dyd.gov.bd Email: jhenaigatiuydo@gmail.com	